

কৃষি সম্প্রসারণ অধিদপ্তর কর্তৃক কৃষকদের জন্য প্রদত্ত সেবাসমূহঃ

- ১) সকল শ্রেণির কৃষকের জন্য সম্প্রসারণ সেবা নিশ্চিত করা।
- ২) ফসলের উৎপাদন বৃদ্ধির জন্য কৃষির আধুনিক প্রযুক্তি সমূহ কৃষকের দোর গোড়ায় পৌঁছে দেয়া।
- ৩) কৃষকদের মাঝে বীজ এবং সার বিতরণ নিশ্চিত করা।
- ৪) ডিজিট সিডিউল অনুসারে মাঠ পরিদর্শন, কৃষকের সমস্যা চিহ্নিতকরণ ও সমাধান দেয়া।
- ৫) জৈব ও রাসায়নিক সারের সুষম ব্যবহারের মাধ্যমে মাটির স্বাস্থ্য ও উৎপাদনশীলতা বৃদ্ধি করা।
- ৬) ফসলের বালাই দমনে পরামর্শ প্রদান করা।
- ৭) কৃষকের মাঠে নতুন ফসল, নতুন জাত এবং নতুন প্রযুক্তি সম্প্রসারণে প্রদর্শনী স্থাপন ও মাঠ দিবসের আয়োজন করা।
- ৮) বিভিন্ন কৃষিপ্রযুক্তি বিষয়ে কৃষকদের প্রশিক্ষণ প্রদান।
- ৯) বিভিন্ন প্রকার সম্প্রসারণ পদ্ধতির মাধ্যমে কৃষকের মাঝে সচেতনতা তৈরি করা।
- ১০) ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে সরকারী প্রণোদনা / পুনর্বাসনে কৃষি উপকরণ বিতরণ নিশ্চিত করা।
- ১১) ফসলের মানসম্মত বীজ উৎপাদন ও সংরক্ষণে কৃষকদের সহায়তা করা।
- ১২) জৈবসার এবং জৈব বালাইনাশক ব্যবহারের মাধ্যমে নিরাপদ খাদ্য উৎপাদনে কৃষকদের সহায়তা প্রদান।
- ১৩) কৃষিপন্য বিপণনে ফ্রেজা ও কৃষকের মাঝে সংযোগ স্থাপনে সহায়তা করা।
- ১৪) সরকারী ভর্তুকিতে কৃষি যন্ত্রপাতি ব্যবহারের মাধ্যমে ফসলের উৎপাদন খরচ কমাতে সহায়তা করা।
- ১৫) ফসলের বৈচিত্র্য আনয়নে এবং শস্যবিন্যাস উন্নতকরনে সহায়তা করা।
- ১৬) দেশে উৎপাদিত অপরিাপ্ত খাদ্যশস্যের (ডাল, তেল, মশলা) উৎপাদন বৃদ্ধি করা।
- ১৭) ব্যাংক কর্তৃক প্রদত্ত কৃষিক্ষণ গ্রহনে কৃষকদের সহায়তা করা।
- ১৮) জাতীয় পর্যায়ে সিদ্ধান্ত গ্রহনে কৃষকের ডাটাবেইজ তৈরি করা।
- ১৯) পুষ্টি উন্নয়নে বসভিটায় ও ছাদে সবজি ও ফল বাগান সৃজনে সহায়তা করা।
- ২০) মোবাইল অথবা টেলিফোনের মাধ্যমে কৃষককে ডিজিটাল সেবা প্রদান করা।
- ২১) লিফলেট, বুকলেট, মাঠ দিবস ও মাঠ পরিদর্শনের মাধ্যমে কৃষকদের প্রশিক্ষণ দেয়া।
- ২২) উচ্চমূল্যের ফসল উৎপাদনে কৃষকদের সহায়তা করা।
- ২৩) বানিজ্যিক ফল ও সবজি উৎপাদনে কৃষকদের উৎসাহিত করা।
- ২৪) নিজস্ব সম্পদের সর্বোচ্চ ব্যবহারের মাধ্যমে কৃষকের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়নে সহায়তা করা।
- ২৫) আইপিএম, আইসিএম এবং অন্যান্য পদ্ধতি ব্যবহার করে পরিবেশ বান্ধব কৃষি উৎপাদনে সহায়তা করা।
- ২৬) কৃষি উপকরণ (সার, বীজ, বালাইনাশক ও চারাকলম) আমদানী ও বিপণনের লাইসেন্স প্রদান।
- ২৭) বালাইনাশক, সার ও বীজ ডিলারের দোকান পরিদর্শনের মাধ্যমে ভেজাল কৃষি উপকরণ বিক্রয় রোধ করা।
- ২৮) সরকারী ও বেসরকারী সংস্থার সাথে কৃষি উৎপাদনে আন্তঃসমন্বয় করা।